

মাসিক সমন্বয় সভা ডিসেম্বর ২০২৩

নাঙ্গালকোট উপজেলার প্রাথমিক বিদ্যালয়সমূহের মাসিক সমন্বয় সভা ২০ ডিসেম্বর ২০২৩ বুধবার উপজেলা মিলনায়তনে সম্মানিত উপজেলা শিক্ষা অফিসার জনাব শরীফ রফিকুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে নিম্নরূপ নির্দেশনাসমূহ প্রদান করা হয়।

- বিদ্যালয়ের দপ্তরীদের ইউনিফর্ম পরিধান করে ডিউটি পালন নিশ্চিত করা;
- আগমন ৯:০০ টার আগে এবং প্রস্থান ৪:১৫ এর পর নিশ্চিত করা;
- মাসিক রিটার্ন-এ তথ্য প্রদানের কোন ঘর খালি রাখা যাবে না;
- প্রতিদিন সমাবেশে নৈতিক বাক্য শেখানো;
- শ্রেণি শিক্ষক অবশ্যই শ্রেণির সকল শিক্ষার্থীর নাম বলতে পারবেন;
- প্রধান সড়কে বিদ্যালয়ের নাম ফলক থাকতে হবে;
- পুশপিন বোর্ডে প্রতিদিন একটি করে নৈতিক বাক্য পুশ করতে হবে;
- ফোনের মাধ্যমে ছুটি নেয়া যাবে না। আবেদন করে ছুটি মঞ্জুর নিশ্চিত করতে হবে;
- বিভিন্ন দিবস উপলক্ষ্যে দেয়ালিকা প্রকাশ করতে বলা হয়েছে;
- বার্ষিক কর্মপরিকল্পনা তৈরি করতে বলা হয়েছে;
- এ-ফোর সাইজের কাগজে রুটিন প্রস্তুত করে, সংশ্লিষ্ট এইউইও-এর অনুমোদন নিতে বলা হয়েছে।